

‘বীরবল’ লিখে সাহিত্য অকাদেমি পেলেন তপন বন্দ্যোপাধ্যায়



নয়াদিল্লি : ২০২২ সালে সাহিত্য অকাদেমি পুরস্কার পেলেন বিশিষ্ট সাহিত্যিক তপন বন্দ্যোপাধ্যায়। তাঁর উপন্যাস ‘বীরবল’-এর জন্য পুরস্কারের কথা ঘোষণা করেছে কর্তৃপক্ষ। একটি বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, তিন সদস্যের জুরি বোর্ডের সুপারিশ মেনেই এই সিদ্ধান্ত হয়েছে। জুরি বোর্ডের সদস্য ছিলেন সমরেশ মজুমদার, গৌতম ঘোষদত্তিদার এবং হিমবন্ত বন্দ্যোপাধ্যায়। ২০২৩-এর ১১ মার্চ দিনিতে একটি অনুষ্ঠানে প্রাপকদের হাতে পুরস্কার ফুলে দেওয়া হবে। যার মধ্যে থাকবে ‘মানপত্র, শাল এবং এক লক্ষ টাকার আর্থিক পুরস্কার। ইতিহাসে উপেক্ষিত সম্রাট আকবরের সভাসদ বীরবলের কাহিনী নিয়ে অন্য আঙ্গিকে ‘বীরবল’ রচনা করেছিলেন তপনবাবু। অনুবাদ সাহিত্যের জন্য ২০১৯ সালে তিনি সাহিত্য অকাদেমি পুরস্কার পুরস্কার পান।